

PM's departure statement ahead of his visit to Bangladesh

March 25, 2021

বাংলাদেশ সফর শুরু করার আগে প্রধানমন্ত্রীর প্রস্থান বিবৃতি

মার্চ 25, 2021

আমি মহামান্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে 26-27 মার্চ 2021 বাংলাদেশ সফর করব।

আমি অত্যন্ত আনন্দিত যে COVID-19 মহামারীর সূচনার পর থেকে আমার প্রথম বিদেশ সফরটি আমাদের বন্ধুত্বপূর্ণ প্রতিবেশীর সাথে হতে চলেছে, যার সাথে ভারতের এক গভীর সাংস্কৃতিক, ভাষাগত এবং মানুষের সঙ্গে মানুষের সম্পর্ক বিদ্যমান।

আমি আগামীকাল জাতীয় দিবস উদযাপনে আমার অংশগ্রহণের প্রত্যাশায় উন্মুখ হয়ে রয়েছি, যেখানে একই সঙ্গে বাংলাদেশের জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীও উদযাপিত হবে। বঙ্গবন্ধু ছিলেন গত শতাব্দীর অন্যতম মহান নেতা, যার জীবন ও আদর্শ লক্ষ লক্ষ মানুষকে অনুপ্রাণিত করে। আমি তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে যাওয়ার অপেক্ষায় রয়েছি।

আমি প্রাচীন ঐতিহ্যের 51 শক্তিপীঠগুলির মধ্যে একটি, প্রাচীন যশোরেশ্বরী কালী মন্দিরে কালীমায়ের পূজা দিতে যাওয়ারও প্রত্যাশায় রয়েছি।

আমি বিশেষত ওড়াকাল্দিতে মতুয়া সম্প্রদায়ের প্রতিনিধিদের সাথে আমার কথোপকথনের অপেক্ষায় রয়েছি, যেখান থেকে শ্রীশ্রী হরিচন্দ্র ঠাকুর তাঁর পবিত্র বাণী প্রচার করেছিলেন।

গত বছরের ডিসেম্বর মাসে আমাদের অত্যন্ত ফলপ্রসূ ভারুয়াল বৈঠকের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে আমি গভীর আলোচনা করব। আমি মহামান্য রাষ্ট্রপতি আবদুল হামিদের সাথে সাক্ষাতের এবং অন্যান্য বাংলাদেশী বিশিষ্টজনদের সাথে বার্তালাপের অপেক্ষায় রয়েছি।

আমার এই সফর শুধুমাত্র প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশের উল্লেখযোগ্য অর্থনৈতিক ও উন্নয়নমূলক অগ্রগতির প্রতি প্রশংসা জ্ঞাপন করার উপলক্ষ্যই হয়ে উঠবে না, বরং এই কৃতিত্বগুলির জন্য ভারত তার অবিচ্ছিন্ন সমর্থন প্রদানের বিষয়েও প্রতিশ্রুতিবদ্ধ হবে। আমি COVID-19-এর বিরুদ্ধে বাংলাদেশের লড়াইয়ের পক্ষে ভারতের সমর্থন ও সহতিও প্রকাশ করব।

নিউ দিল্লী

মার্চ 25, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.